# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৪৫৯

২৭/ আদব

পরিচ্ছেদঃ সহনশীলতা, ধীর-স্থিরতা ও কোমলতার গুরুত্ব

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ : بَالَ أعْرَابِيٌّ فِي المَسجدِ فَقَامَ النَّاسُ إِلَيْهِ لِيَقَعُوا فِيهِ فَقَالَ النَّبِيُّ ﷺدَعُوهُ وَأرِيقُوا عَلَى بَوْلِهِ سَجْلاً مِنْ مَاءٍ أَوْ ذَنُوباً مِنْ مَاءٍ فَإنَّمَا بُعِثْتُمْ مُيَسِّرِينَ وَلَم تُبْعَثُوا مُعَسِّرِينَ رواه البخاري

বাংলা

(৩৪৫৯) আবূ হুরাইরা (রাঃ) বলেন, এক বেদুঈন মসজিদের ভিতরে প্রস্রাব করে দিল। সুতরাং লোকেরা তাকে ধমক দেওয়ার জন্য উঠে দাঁড়াল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ওকে ছেড়ে দাও এবং প্রস্রাবের উপর এক বালতি পানি ঢেলে দাও। কেননা তোমাদেরকে সহজ নীতি অবলম্বন করার জন্য পাঠানো হয়েছে, কঠোর নীতি অবলম্বন করার জন্য পাঠানো হয়নি।

ফুটনোট

(বুখারী ২২০, ৬১২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67207

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন